বাংলাদেশ ওভারসীজ এমপ্লয়মেন্ট এন্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

(রাষ্ট্রীয় মালিকানাধীন জনশক্তি প্রেরণকারী একমাত্র কোম্পানি)

প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা), ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০

ফোনঃ ৯৩৩৬৫০৮/৯৩৬১৫১৫/৯৩৬১১২৫(PABX), ফ্যাক্সঃ ৮৩৫৬৫৭৭/৯৩৩০৬৫২

ইমেইলঃ info@boesl.org.bd, ওয়েবঃ www.boesl.org.bd

বিজ্ঞপ্তি নং ১৪৬১/২০১৪ তাং ০৬-০৫-২০১৪ খ্রিস্টাব্দ

EPS-TOPIK CBT 2014'র অনলাইন রেজিস্ট্রেশন ও পরীক্ষার সময়সূচি ঘোষণা

এতদ্দ্বারা দক্ষিণ কোরিয়ায় চাকুরির জন্য গমনেচ্ছু সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, EPS-TOPIK CBT-2014 এর পরীক্ষা রাউন্ড ভিত্তিক প্রতিমাসে অনুষ্ঠিত হবে। এ লক্ষ্যে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্ত পূরণ সাপেক্ষে আগামী ১৪ মে, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখ বুধবার সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত কেবল বোয়েসেল এর ওয়েবসাইট www.boesl.org.bd বা eps.boesl.org.bd এ অনলাইনে প্রাথমিক রেজিস্ট্রেশন করা যাবে।

অনলাইন প্রাথমিক রেজিস্ট্রেশনের জন্য প্রার্থীর যোগ্যতা ও নিয়মাবলীঃ

১. কোরিয়ান ভাষায় দক্ষতা সম্পন্ন যাদের জন্ম তারিখ ২৭-০৫-১৯৭৪ হতে ২৬-০৫-১৯৯৬ এর মধ্যে;
২. যারা পূর্বে কখনো অবৈধভাবে কোরিয়ায় ছিল না, কোরিয়া হতে ফেরত পাঠানো হয়নি;
৩. যাদের বিরুদ্ধে দেশে কোন মামলা মোকদ্দমা নেই বা যারা গুরুতর অপরাধের কারণে দণ্ড প্রাপ্ত নন;
৪. যাদের বাংলাদেশ হতে বর্হিগমনে আইনগত কোন বাধা নেই;
৫. MRP (Machine Readable Passport) এর তথ্য দিয়ে রেজিস্ট্রেশন করতে হবে;
৬. ঢাকা শহরের যে কোন সোনালী ব্যাংক হতে **'বোয়েসেল, ঢাকা'** নামে ২০০০/- টাকার পে-অর্ডার করতে হবে;
৭. অনলাইন রেজিস্ট্রেশনের সময় মেশিন রিডেবল পাসপোর্ট অনুযায়ী পূরো নাম, জন্ম তারিখ, পাসপোর্ট নম্বর, পাসপোর্টের ২ নং পৃষ্ঠার ছবিযুক্ত অংশের স্ক্যানকপি (৪৫ - ৬০KB), পে-অর্ডারের স্ক্যানকপি (৩৫-৪০KB) ও মোবাইল ফোন নম্বর ইনপুট করতে হবে।

প্রাথমিক রেজিস্ট্রেশন সম্পন্নের পর ৩৯০০জন এর অধিক সংখ্যক প্রার্থী রেজিস্ট্রেশন করলে আগামী ২০ মে, ২০১৪ খ্রিস্টাব্দ দুপর ১২.০০ ঘটিকার পর কম্পিউটারাইজড্ পদ্ধতিতে লটারির মাধ্যমে EPS-TOPIK CBT পরীক্ষায় চূড়ান্ত রেজিস্ট্রেশনের জন্য প্রার্থী নির্বাচন করা হবে। চূড়ান্ত রেজিস্ট্রেশনের জন্য লটারিতে নির্বাচিত প্রার্থীগণ আগামী ২৩-৩০ মে ২০১৪ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে মূল পাসপোর্ট ও পুরাতন সকল পাসপোর্ট, জাতীয় পরিচয়পত্র, এস.এস.সি সার্টিফিকেট এর মূল কপি (যদি থাকে) এবং পাসপোর্ট সাইজের ২ কপি ছবি (ব্যাকগ্রাউন্ড সাদা)সহ স্বশরীরে বোয়েসেল এ উপস্থিত হয়ে চূড়ান্ত রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। **তবে চূড়ান্ত রেজিস্ট্রেশনের সময় কোন প্রার্থীর তথ্য গড়মিল পাওয়া গেলে তাঁর রেজিস্ট্রেশন বাতিল করা হবে। চূড়ান্ত রেজিস্ট্রেশনের জন্য কোন প্রার্থী কোন তারিখে কাগজপত্র জমা দিবে তা লটারির দিন বোয়েসেল এর নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে প্রকাশ করা হবে।** EPS-TOPIK CBT 2014 এর বিস্তারিত তথ্য বোয়েসেল এর ওয়েবসাইট www.boesl.org.bd এ জানা যাবে।

উল্লেখ্য, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং কোরিয়া প্রজাতন্ত্র এর মধ্যেকার সমঝোতা স্মারক মোতাবেক EPS-TOPIK CBT এর আওতায় রেজিস্ট্রেশন, পরীক্ষায় পাশ এবং জব রোস্টারে নাম অন্তর্ভুক্তি দক্ষিণ কোরিয়াতে চাকুরি নিশ্চয়তা বহন করেনা।

মোঃ আব্দুল হান্নান
ব্যবস্থাপনা পরিচালক (যুগ্ম সচিব)

ব্যবস্থাপনায় ও বাস্তবায়নেঃ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, কোরিয়া প্রজাতন্ত্র ও হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট অব কোরিয়া
সহযোগিতায়ঃ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং বাংলাদেশ ওভারসীজ এমপ্লয়মেন্ট এন্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)।

কোরিয়ান ভাষা পারদর্শিতা পরীক্ষা EPS-TOPIK CBT এর বিজ্ঞপ্তি

কোরিয়া প্রজাতন্ত্র এর শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ এর প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এর মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারক অনুযায়ী নিম্ন–বর্ণিত তফসিল অনুসারে CBT পদ্ধতি–তে কোরিয়ান ভাষা পারদর্শিতা পরীক্ষা (EPS-TOPIK) অনুষ্ঠিত হতে যাচ্ছে। ইপিএস'র মাধ্যমে শ্রমিক হিসেবে কোরিয়ায় যারা যেতে চায় তাদের অবশ্যই কোরিয়া শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক নিয়োজিত সরকারি প্রতিষ্ঠান এইচ.আর.ডি. কোরিয়া কর্তৃক বাস্তবায়িত এ পরীক্ষায় পাশ করতে হবে। এ পরীক্ষায় পাশকৃত ব্যাক্তিরাই শুধু ইপিএস এর অধীনে চাকুরির আবেদনপত্র জমা দিতে পারবে।

১. পরীক্ষার তফসিল

<table>
<tr><th rowspan="2">পরীক্ষা অনুষ্ঠানের মাস</th><th colspan="9">২০১৪ সালে বাংলাদেশে অনুষ্ঠিতব্য ইপিএস-টপিক কম্পিউটার বেইজড টেস্ট</th></tr>
<tr><th>প্রাইমারি রেজিস্ট্রেশনের তারিখ</th><th>পরীক্ষার্থী নির্বাচনের লক্ষ্যে লটারি অনুষ্ঠান ও নির্বাচিতদের নাম ঘোষণা</th><th>বোয়েসেল কর্তৃক ডাটা ইনপুট</th><th>মাসভিত্তিক পরীক্ষার তফসিল ঘোষণা</th><th>সম্ভাব্য পরীক্ষার্থীর সংখ্যা</th><th>পরীক্ষার তারিখ</th><th>সম্ভাব্য পরীক্ষার্থীর সংখ্যা</th><th>উত্তীর্ণ প্রার্থীর নাম ঘোষণা</th><th>আবেদনকারীর জন্ম তারিখ</th></tr>
<tr><td>জুন</td><td rowspan="6">মে ১৪</td><td rowspan="6">মে ২০</td><td rowspan="6">মে ২৩ ~ মে ৩০</td><td rowspan="6">জুন ১২</td><td>৭২০</td><td>জুন ২৪~জুলাই ৫ (১২দিন)</td><td rowspan="6">৩,৯০০ জন</td><td>জুলাই ৯</td><td rowspan="6">১৯৭৪.০৫.২৭ ~ ১৯৯৬.০৫.২৬</td></tr>
<tr><td>জুলাই</td><td>৭৮০</td><td>জুলাই ৯~জুলাই ২১ (১৩দিন)</td><td>জুলাই ২৮</td></tr>
<tr><td>আগস্ট</td><td>৬০০</td><td>আগস্ট ৮~আগস্ট ১৭ (১০দিন)</td><td>আগস্ট ২৫</td></tr>
<tr><td>সেপ্টেম্বর</td><td>৬০০</td><td>সেপ্টেম্বর ১১~সেপ্টেম্বর ২০ (১০দিন)</td><td>সেপ্টেম্বর ২৯</td></tr>
<tr><td>অক্টোবর</td><td>৬০০</td><td>অক্টোবর ১৬~অক্টোবর ২৫ (১০দিন)</td><td>নভেম্বর ৪</td></tr>
<tr><td>নভেম্বর</td><td>৬০০</td><td>নভেম্বর ২১~নভেম্বর ৩০ (১০দিন)</td><td>ডিসেম্বর ৮</td></tr>
</table>

※ পরীক্ষার তফসিল ইপিএস ব্যবস্থাপনা পরিস্থিতি অনুযায়ী হোমপেইজ নোটিশের মাধ্যমে পরিবর্তন যোগ্য

◯ সকাল (প্রথম ভাগ ৩০জন)

- ➢ পরীক্ষার্থীদের প্রশিক্ষণঃ ০৮:৩০~০৯:৩০, পরীক্ষাঃ ০৯:৩০~১০:৪০

◯ সকাল (দ্বিতীয় ভাগ ৩০জন)

- ➢ পরীক্ষার্থী প্রশিক্ষণঃ ১০:৫০~১১:৫০, পরীক্ষাঃ ১১:৫০~১৩:০০

※ পরীক্ষার্থীকে অবশ্যই প্রশিক্ষণের সময় শুরু হওয়ার আগেই পরীক্ষা কক্ষে প্রবেশ করতে হবে।

২. ইন্ডাস্ট্রি টাইপ: ম্যানুফেকচারিং

※ পরীক্ষার্থী পরবর্তীতে চাকুরির আবেদনের সময় শুধু ম্যানুফেকচারিং সেক্টরের জন্য আবেদন করতে পারবেন।

৩. উত্তীর্ণ প্রার্থীর (সম্ভাব্য) সংখ্যা: এইচ আর ডি কোরিয়া নির্ধারন করবে

- ➢ পূর্ণমান ২০০'র মধ্যে ৮০নম্বরের বেশি প্রাপ্তদের ভিতর থেকে সর্বোচ্চ নম্বর ক্রমানুযায়ী (মেধা তালিকার ভিত্তিতে) পূর্ব নির্ধারিত সংখ্যক পরীক্ষার্থীকে উত্তীর্ণ করানো হবে।

৪. পরীক্ষা কেন্দ্র ও পরীক্ষার্থী ভিত্তিক পরীক্ষার তারিখ ঘোষণা

◯ **পরীক্ষা কেন্দ্রঃ** ইপিএস-টপিক সিবিটি সেন্টার

ঠিকানাঃ M ফ্লোর, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০,

(বোয়েসেল যে বিল্ডিংয়ে অবস্থিত সেখানে বামদিকের লিফ্টে M ফ্লোর, ৬ ও ৭ তলার মাঝে)

○ **পরীক্ষার তারিখ ঘোষণা**

ইপিএস টপিক হোম পেইজ (epstopik.hrdkorea.or.kr) **এবং** বোয়েসেল হোমপেইজ (www.boesl.org.bd) এর মাধ্যমে

৫. পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা

- বয়স ১৮ থেকে ৩৯ বছরের মধ্যে হতে হবে (বয়স হিসেব হয় রেজিস্ট্রেশন ফর্ম জমা গ্রহনের প্রথম তারিখ ও শেষ তারিখ এর উপর ভিত্তি করে);
- যার কোন দিন রাষ্ট্রীয় নির্দেশে কারা অন্তরীণ বা কঠিন শাস্তি হয়নি;
- যাকে কোন দিন সরকারি এজেন্সি কর্তৃক দক্ষিণ কোরিয়ার পোর্ট থেকে ফেরত পাঠানো হয়নি, বা সে দেশ বের করে দেয়া হয়নি এবং
- যার উপর বিদেশ যাত্রায় কোন নিষেধাজ্ঞা নেই বা যেতে কোন সমস্যা নেই।

৬.পরীক্ষার রেজিস্ট্রেশন

○ **প্রাইমারি রেজিস্ট্রেশনের ওয়েবসাইটঃ www.boesl.org.bd বা eps.boesl.org.bd** এর যে কোনটিতে অনলাইনে রেজিস্ট্রেশন করতে পারবেন।

○ **প্রাইমারি রেজিস্ট্রেশনের সময়সীমাঃ** ১৪ই মে, ২০১৪, সকাল ১০টা ~ বিকেল ০৪টা

※ **ব্যবহারকারী আধিক্যের ফলে কোন কারনে সার্ভার হ্যাং হলেও যথা সময়ে অনলাইন রেজিস্ট্রেশন বন্ধ করা হবে।**

○ **রেজিস্ট্রেশন স্থান ও পদ্ধতিঃ** পরীক্ষায় অংশ গ্রহণেচ্ছু ব্যক্তি প্রাইমারি রেজিস্ট্রেশনের সময়সীমার মধ্যে বোয়েসেলের ওয়েবইটে প্রাকাশিত প্রাইমারি রেজিস্ট্রেশন পেইজে লগ ইন করে প্রাইমারি রেজিস্ট্রেশন সম্পন্ন করার পর লটারির ফলাফল দেখে চূড়ান্ত রেজিস্ট্রেশন করবে।

○ **প্রাইমারি রেজিস্ট্রেশনে প্রয়োজনীয় আইটেমঃ** পাসপোর্ট অনুযায়ী নাম, জন্ম তারিখ, পাসপোর্ট নম্বর, ফোন নম্বর, পে-অর্ডার স্লিপ নাম্বার, ব্যাঙ্ক ব্রাঞ্চের নাম, পাসপোর্টের স্ক্যান কপি (৪৫-৬০KB), পে-অর্ডার স্লিপ(বোয়েসেল কপি)এর স্ক্যান কপি (৩৫-৪০KB ।

○ ভুয়া রেজিস্ট্রেশন বাতিলঃ ১৫ই মে ~ ১৭ই মে

※ সব কিছু সঠিক থাকার পরও কারো রেজিস্ট্রেশন বাতিল করা হয়ে থাকলে ১৮~১৯ই মে ২০১৪ তারিখে ব্যাবস্থাপনা পরিচালক, বোয়েসেল এর কার্যালয়ে অভিযোগ করা যাবে এবং এ শুনানী করা হবে।

○ **পরীক্ষার্থী নির্বাচনের লক্ষ্যে লটারি অনুষ্ঠান ও ফলাফল ঘোষণাঃ** ২০১৪.০৫.২০তারিখ বেলা ১২:০০টার পর

※ লটারি প্রক্রিয়ার স্বচ্ছতার লক্ষ্যে এইচ আর ডি কোরিয়া কর্তৃক সরবরাহকৃত কম্পিউটার প্রোগ্রামের মাধ্যমে লটারি পরিচালনা করা হবে এবং তালিকা সাথে সাথে নোটিশ বোর্ডে ও ওয়েব সাইটে ঘোষণা করা হবে।

○ **রেজিস্ট্রেশন ফর্ম বিতরণ, পূরণ, জমা গ্রহণ ও প্রবেশ পত্র বিতরণের তারিখঃ** লটারির ফলাফল প্রকাশের সময় বোয়েসেল ওয়েব সাইটে সময়সূচী ঘোষণা করা হবে

➢ **রেজিস্ট্রেশনে প্রয়োজনীয় আইটেমঃ** পরীক্ষার ফি প্রদানকৃত পে অর্ডারের মূল কপি, মেশিন রীডেবল পাসপোর্ট মূল কপি (প্রদর্শনের জন্য) ও এর কালার ফটো ২কপি, যাহা **৩.৫X৪.৫ সে.মি সাইজের গত ৬মাসের মধ্যে বাস্তব সম্মুখ থেকে হাসিমুখে/স্মাইলিং ফেইস তোলা ও ব্যাকগ্রাউন্ড সাদা এবং ডিজিটাল ল্যাব হতে প্রিন্ট হতে হবে (ছবির নমুনা সংযুক্ত), তবে ফটোশপের ইডিট এবং কম্পিউটারে প্রিন্ট ছবি গ্রহণ যোগ্য না । উল্লেখ্য যে, ছবিকে ফটোশপের মাধ্যমে ইডিট করে মর্ডান করলে পাসপোর্টের ছবির সাথে মিল থাকে না বিধায় এম্বাসি কর্তৃক ভিসা ইস্যুর সময় জটিলতা সৃষ্টি হতে পারে।**

○ **পরীক্ষার ফি (রেজিস্ট্রেশন ফি):** ২,০০০টাকা (২৪ ডলারের সমপরিমাণ বাংলাদেশী মুদ্রা)

➢ **পরীক্ষার ফি জমার পদ্ধতিঃ** ঢাকা মহানগরে অবস্থিত Sonali Bank Limited এর যে কোন শাখা হতে **'বোয়েসেল, ঢাকা'** নামে পে-অর্ডার করে চূড়ান্ত রেজিস্ট্রেশনের সময় পে-অর্ডারটি বোয়েসেলে জমা দিতে হবে।

➢ **পে অর্ডার করার তারিখ ও সময়ঃ** পরীক্ষার তফসিল ঘোষণার পর থেকে, ব্যাংক আওয়ারে নির্ধারিত ব্রাঞ্চে।

➢ রেজিস্ট্রেশন সম্পন্ন হওয়ার পর পরীক্ষার ফি ফেরত যোগ্য নয়।

○ বাংলাদেশে অবস্থিত কোরিয়া দূতাবাস এবং বাংলাদেশ ইপিএস সেন্টার কর্তৃক অনুষ্ঠিত বা পরিচালিত কোরিয়ান ভাষা বক্তৃতা প্রতিযোগিতায় পুরস্কার প্রাপ্তরা প্রাইমারি রেজিস্ট্রেশন না করে সরাসরি ইপিএস-টপিক রেজিস্ট্রেশন করতে পারবে।

○ **রেজিস্ট্রেশনের সময় সতর্কতার বিষয়সমূহঃ**

➢ লটারির মাধ্যমে নির্বাচিত প্রার্থী পে অর্ডারের মূল কপি, এম.আর.পি এর মূল কপি ও কালার ফটোকপি, পাসপোর্ট সাইজ ছবি নিয়ে স্বয়ং বোয়েসেলে এসে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। কোন অবস্থাতেই প্রক্সি রেজিস্ট্রেশন করা যাবে না। রেজিস্ট্রেশন ফর্ম

পূরণ ও জমা দিয়ে সাথে সাথে প্রবেশ পত্র নিতে হবে।

- ➢ রেজিস্ট্রেশন ফর্মে পাসপোর্ট অনুযায়ী ইংরেজি বড় অক্ষরে নাম, জন্ম তারিখ, পাসপোর্ট নাম্বার সুস্পষ্ট অক্ষরে লিখতে হবে।
- ➢ পাসপোর্টে উল্লিখিত তথ্য ও রেজিস্ট্রেশন ফর্মে উল্লিখিত তথ্যের মধ্যে গরমিল থাকলে রেজিস্ট্রেশন বাতিল করা হবে, তবে রেজিস্ট্রেশন ফি ফেরত দেয়া হবে না।
- ➢ পাসপোর্ট সাইজের ছবি হতে হবে গত ৬মাসের মধ্যে সম্মুখ থেকে তোলা (৩.৫X৪.৫ সে.মি.), এবং পাসপোর্ট হতে হবে মেশিন রিডেবল পাসপোর্ট। (রেজিস্ট্রেশন ফর্মে MRPএর ফটোকপি আঠাদিয়ে ভাল করে লাগিয়ে দিতে হবে। প্রবেশ পত্র দ্বিতীয় বার ইস্যু করা হবে না এবং ছবি লাগানোর জন্য কোন প্রকার পিন ব্যবহার করা যাবে না)

৭. পরীক্ষার সারসংক্ষেপ

পরীক্ষার গঠন ও নম্বর বন্টন

প্রশ্নের ধরন	প্রশ্নের সংখ্যা	মোট নাম্বার	সময়
মোট	৫০	২০০	৭০মিনিট
রিডিং	২৫	১০০	৪০মিনিট
লিসেনিং	২৫	১০০	৩০মিনিট

- ◯ প্রশ্ন হবে এমসিকিউ (মাল্টিপল চয়েস) পদ্ধতিতে
- ◯ কোন প্রকার বিরতি ছাড়াই রিডিং ও লিসেনিং পরীক্ষা চলবে
- ◯ **পরীক্ষার দিন যা সঙ্গে থাকতে হবেঃ**
  - ➢ প্রবেশ পত্র মূল কপি ও মেশিন রিডেবল পাসপোর্ট মূল কপি।

※ পরীক্ষার দিন পাসপোর্ট (যেটির ফটো কপি রেজিস্ট্রেশন ফর্মে লাগানো হয়েছিল) না থাকলে পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না। ভুঁয়া পাসপোর্ট ও পরীক্ষায় অসদুপায় অবলম্বন প্রতিরোধের লক্ষ্যে সকল পরীক্ষার্থীকে অবশ্যই পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার দিন ফিঙ্গার প্রিন্ট দিতে হবে।

৮. পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীর নাম ও প্রাপ্ত নম্বর ঘোষণা

- ◯ উত্তীর্ণ প্রার্থীর নাম ঘোষণা: পরীক্ষার তফসিল দেখুন
  - ➢ বোয়েসেল হোমপেইজ www.boesl.org.bd এবং বোয়েসেল এর নোটিশ বোর্ডে।
  - ➢ ইপিএস টপিক হোমপেইজ epstopik.hrdkorea.or.kr
  - ➢ এইচ আর ডি কোরিয়া হোমপেইজ www.hrdkorea.or.kr
- ◯ মার্কশীটের কার্যকারিতার মেয়াদঃ ফলাফল ঘোষণার দিন থেকে ২বছর।

৯.অন্যান্য গাইডলাইন

- ➢ মোবাইল ফোন, ক্যাসেট প্লেয়ার, PDA, MP3, ডিজিটাল অভিধান, কাগজ, কলম বা পরীক্ষায় অসদুপায়ে ব্যবহৃত হতে পারে এমন দ্রব্য সাথে নিয়ে পরীক্ষা কক্ষে প্রবেশ করা যাবে না (পরীক্ষা চলাকালে কারো কাছে এ সব দ্রব্য পাওয়া গেলে অসদুপায় অবলম্বনের দায়ে পরীক্ষা কেন্দ্র থেকে বহিষ্কার করা হবে)।
- ➢ অসদুপায় অবলম্বন করতে গিয়ে ধরা পড়লে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর পরীক্ষা বাতিল করা হবে, এবং পরবর্তী ২বছরের জন্য ইপিএস কেএলটিতে অংশগ্রহণের যোগ্যতা হারাবে।
- ➢ রেজিস্ট্রেশনের ফর্মে উল্লেখ করা তথ্যের (বিশেষ করে- নাম, জন্ম তারিখ)সাথে পাসপোর্টের তথ্যের মিল না থাকলে পরীক্ষায় পাশ করলেও পরবর্তীতে কোরিয়ায় প্রবেশ করা যাবে না।
- ➢ পরীক্ষার দিন ভুঁয়া পাসপোর্ট ব্যবহার, দ্বিতীয়বার পরীক্ষা দেয়া ও অসদুপায় অবলম্বন প্রতিরোধের লক্ষ্যে সকল পরীক্ষার্থীর ফিঙ্গার প্রিন্ট নেয়া হবে। ফিঙ্গার প্রিন্ট না দিতে চাইলে বা হস্তাঙ্গুলির রেখাসমূহের ছাপ না পাওয়া গেলে সে ব্যাক্তি পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে না।
- ➢ লটারির মাধ্যমে রেজিস্ট্রেশনের সুযোগ পাওয়া সবাই রেজিস্ট্রেশন করবেন আশা করি। কেউ রেজিস্ট্রেশন না করলে বা রেজিস্ট্রেশনে ভুয়া ডকুমেন্ট জমা দিলে শাস্তি সরূপ ভবিষ্যতে সে ব্যাক্তি আর কোন দিন রেজিস্ট্রেশন করার সুযোগ পাবে না। এবং সংশ্লিষ্ট ব্যাঙ্ক থেকে জমাকৃত পরীক্ষার ফিও ফেরত নিতে পারবে না

ইপিএস টপিক পাশ করা প্রার্থী মেডিক্যাল টেস্ট ও জব অ্যাপ্লিকেশন করে কার্যকর জব রোস্টারে রেজিস্ট্রিকৃত হওয়ার পর কম্পিউটারের মাধ্যমে রেন্ডম পদ্ধতিতে নিয়োগদাতাকে শ্রমিক প্রস্তাব করা হয়। প্রস্তাবকৃতদের মধ্য থেকে মালিক যাকে পছন্দ করবে সে যদি মালিকের চুক্তি প্রস্তাবে রাজি হয় তাহলেই নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হয়। তাই ইপিএস টপিক'এ উত্তীর্ণ সবার কোরিয়ায় চাকুরি হবে এমন কোন নিশ্চয়তা নাই। এছাড়াও জানিয়ে দেয়া হচ্ছে যে, মেডিক্যাল টেস্টে আনফিট হলে বা কোরিয়ায় একদিনের জন্যও অবৈধ ভাবে বসবাস করার অভিজ্ঞতা থাকলে সে ব্যক্তি চাকুরি প্রার্থী হিসাবে নির্বাচিত হতে পারবে না।

বাংলাদেশ সরকার এর প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এর সাথে দক্ষিণ কোরিয়ার শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালর এর মধ্যকার সমঝোতা চুক্তি অনুযায়ী একমাত্র বোয়েসেল বৈধভাবে দক্ষিণ কোরিয়ায় শ্রমিক রফতানি করতে পারবে। ইপিএস-টপিক'এ উত্তীর্ণ হওয়ার পর যাদের জব রোস্টার কোরিয়ান কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হবে তাদের মধ্য থেকেই কোরিয়ান শিল্প মালিকরা শ্রমিক নিয়োগ দিতে পারবে। অন্য কোন জনশক্তি রফতানিকারী এজেন্ট বা ভাষাশিক্ষা প্রতিষ্ঠান এর ব্যত্যয় ঘটালে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

ইপিএস টিপিক এর রেজিস্ট্রেশন ফি ২৪ মার্কিন ডলার বা সমপরিমান বাংলাদেশি মুদ্রা, এবং বাকি সেন্ডিং ফি সম্পর্কে বোয়েস ওয়েব সাইট ও নোটিশ বোর্ডে তথ্য দেয়া আছে। ঘোষিত সেন্ডিং ফি ব্যতিত অন্য কোন ফি নাই। সুতরাং কোন ব্যাক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক কোরিয়া চাকরি পাইয়ে দেয়ার নামে বা পাঠিয়ে দেয়ার প্রলোভনে প্রলুব্ধ হয়ে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত না হওয়ার পরামর্শ দেয়া যাচ্ছে।

ব্যবস্থাপনায়ঃ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, কোরিয়া প্রজাতন্ত্র

বাস্তবায়নেঃ এইচ.আর.ডি-কোরিয়া, কোরিয়া প্রজাতন্ত্র

সহযোগীতায়ঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় ও বোয়েসেল